

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৭২৯

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের বক্তব্য "অতএব তোমরা আল্লাহর দানকে গ্রহণ করো" এর দ্বারা উদ্দেশ্য হলো দুই রাকা আত সালাত আদায় করা অবকাশ; এর দ্বারা এমন অবধারিত হওয়া উদ্দেশ্য নয়, যার ব্যত্যয় ঘটানো যায় না

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ قَوْلَهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (فَاقْبَلُوا صَدَقَةَ اللَّهِ) أَرَادَ بِهِ الصَّدَقَةَ التي هي الرخصة لمن أتى دُونَ أَنْ تَكُونَ صَدَقَةَ حتم لَا يَجُوزُ تعدِّيها

আরবী

2729 ـ أَخْبَرَنَا ابْنُ خُزَيْمَةَ قَالَ: حَدَّثَنَا بُنْدَارٌ قَالَ: حَدَّثَنَا يَحْيَى بْنُ سَعِيدٍ عَنِ ابْنِ جُرَيْجٍ قَالَ: أَخْبَرَنِي ابْنُ أَبِي عَمَّارٍ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ بَابَيْهِ عَنْ يَعْلَى بْنِ أَمْيَّةَ قَالَ: قُلْتُ جُرَيْجٍ قَالَ: أَخْبَرَنِي ابْنُ أَبِي عَمَّارٍ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ بَابَيْهِ عَنْ يَعْلَى بْنِ أَمْيَّةَ قَالَ: قُلْتُ لِعُمْرَ بْنِ الْخَطَّابِ: عجبتُ لِلنَّاسِ وقصرُهُم الصلاة وقد قال الله: {لا جناح عليكم أَنْ تَقْصُرُوا مِنَ الصَّلَاةِ إِنْ خِفْتُمْ أَنْ يَفْتِنَكُمُ الَّذِينَ كَفَرُوا} وَقَدْ ذَهَبَ هَذَا فَقَالَ عُمَرُ: عَجبتُ مِمَّا عجبتَ مِنْهُ فَذَكَرْتُ ذَلِكَ لِرَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: (هُو عجبتُ مِمَّا عجبتَ مِنْهُ فَذَكَرْتُ ذَلِكَ لِرَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: (هُو عبتَ مَنَّةُ تَصَدَّقَ اللَّهُ بِهَا عَلَيْكُمْ فَاقْبُلُوا رُخصَيَتُهُ) عجبتُ مِمَّا عجبتَ مِنْهُ أَمْيَّةَ المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الراوي : يَعْلَى بْن أُمْيَّةَ ا المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 2729 ا خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود)) الصفحة أو الرقم: 2729 ا خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود))

বাংলা

২৭২৯. ইয়ালা বিন উমাইয়াহ রহিমাহুল্লাহ বলেন, "আমি উমার বিন খাত্তাব রাদ্বিয়াল্লাহু আনহুকে বললাম, "আমি লোকদের কসরের সালাত আদায় করা দেখে অবাক হয়েছি। আল্লাহ তা আলা বলেছেন, أَنْ جُنَاحٌ أَنْ جُنَاحٌ أَنْ الصَّلَاةِ إِنْ خَفْتَم (তোমাদের উপর কোন দোষ নেই কসর করাতে, যদি তোমরা ভয় পাও যে কাফেররা তোমাদেরকে ফিতনায় ফেলে দিবে। –সূরা নিসা: ১০১), অথচ এই ভীতির অবসান ঘটেছে!" জবাবে উমার রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, "তুমি যে বিষয়টিতে অবাক হয়েছে, আমিও সেটাতে অবাক হয়েছিলাম। অতঃপর



আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কাছে এই ব্যাপারটি আলোচনা করলে তিনি জবাবে তিনি বলেন, "এটি দান। মহান আল্লাহ এটি তোমাদেরকে দান করেছেন। অতএব তোমরা আল্লাহর অবকাশকে গ্রহণ করো।"[1]

ফুটনোট

[1] সহীহ মুসলিম: ৬৮৬; নাসাঈ: ৩/১১৬-১১৭; মুসনাদ আহমাদ: ১/১২৫; ইবনু মাজাহ: ১০৬৫; সহীহ িইবনু খুযাইমাহ: ৯৪৫; তাবারী: ১০৩১১; সুনান বাইহাকী: ৩/১৩৪; তিরমিযী: ৩০৩৪; আবূ দাউদ: ১১৯৯; দারেমী: ১/৩৫৪; বাগাবী: ১০২৪; তাহাবী, শারহু মা'আনিল আসার: ১/৪১৫।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ১০৮৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ ইয়ালা ইবন উমাইয়া (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন